



চট্টগ্রাম সিটি কর্পোরেশন  
জনসংযোগ শাখা  
চট্টগ্রাম  
মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মুলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৩ জানুয়ারি'২০২৪ খ্রি.

## চট্টগ্রামের উন্নয়নে নাগরিক সমাজের সহায়তা চাইলেন মেয়র

চট্টগ্রামের উন্নয়নে নাগরিক সমাজের সহায়তা চেয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।  
মঙ্গলবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটির ৩য় সভায় মেয়র রেজাউল নাগরিক সমাজের প্রতিনিধিবৃন্দের সাথে মতবিনিময়কালে এ সহায়তা চান।

সভায় সভাপতির বক্তব্যে মেয়র বলেন, চট্টগ্রামকে এগিয়ে নিতে আমি সর্বোচ্চ চেষ্টা করছি। তবে, নাগরিক সমাজের সহায়তা পেলে আমার চেষ্টা সাফল্যমণ্ডিত হবে। চট্টগ্রামে অবৈধভাবে ফুটপাথ দখল এখন বড় সমস্যা। আমরা নিয়মিত উচ্চেদ অভিযান করছি তবে উদ্ধার হওয়া স্থান দখলে রাখার মতো লোকবল না থাকায় আবারও উদ্ধারকৃত জায়গা পুনর্দখল হয়ে যাচ্ছে।

“আগ্রাবাদে উচ্চেদ অভিযান চালিয়েছি। কিন্তু ২ মাস পর আবারও আগের পরিস্থিতি তৈরি হয়েছে। নিউ মার্কেট, এক্সেস রোডে বাজার বসে গেছে। আমি পুলিশের সাথে সভা করেছি। ফুটপাথ ও খাল পুনরুদ্ধার এবং ব্যাটারি রিকশা বক্ষে আমরা আবারও বড় অভিযানে যাব। স্বাভাবিকভাবেই এগুলো ঠেকাতে এক শ্রেণীর সুবিধাভোগী মিছিল-মিটিং করবে। তবে, যদি গণমাধ্যম প্রচারের মাধ্যমে জনসচেতনতা তৈরি করে এবং নাগরিক সমাজ আমাকে সহায়তা দেয় তাহলে অবশ্যই সফল হব।”

সভায় দৈনিক আজাদীর সম্পাদক এম এ মালেক বলেন, বর্ষাকালে নগরী থেকে অতিরিক্ত পানি বের হয়ে যাওয়ার প্রাকৃতিক দ্র্যানেজ সিস্টেম নষ্ট হয়ে গেছে। জলাবদ্ধতা ঠেকাতে হলে দ্রুত সময়ে চট্টগ্রামের পানি অপসারিত হওয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে।

সভায় প্যানেল মেয়র গিয়াস উদ্দিন চৌধুরী, আফরোজা কালাম, চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, সচিব খালেদ মাহমুদসহ চসিকের বিভাগীয় প্রধানবৃন্দ, কাউপিলর হাজী নুরুল হক, জহর লাল হাজারী, আবদুস সালাম মাসুম, এম আশরাফুল আলম, প্রকৌশলী দেলোয়ার মজুমদার, কলারিস্ট মাসুম চৌধুরী, ক্যাবের সাধারণ সম্পাদক ইকবাল বাহার, জাইকার প্রতিনিধি ব্রজ কিশোর ত্রিপুরাসহ সহ নগরীর বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের প্রতিনিধিরা তাদের মতামত তুলে ধরেন।

## কাউপিলর কাজী নুরুল আমিনের মায়ের মৃত্যুতে মেয়র রেজাউলের শোক

মোহরা ওয়ার্ড কাউপিলর মোহাম্মদ কাজী নুরুল আমিনের মায়ের মৃত্যুতে শোক জানিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। মঙ্গলবার নগরীর পার্কিউল হাসপাতালে ৬৮বছর বয়সী মমতাজ বেগম পরলোকগমন করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। এক শোক বার্তায় তিনি মরহুমার ক্ষেত্রে মাগফেরাত কামনা করেন এবং শোক সন্তুষ্প পরিবারবর্গের প্রতি সমবেদনা জানান।

## চসিকের ভাম্যমাণ আদালত পরিচালিত বার্ণপাড়া এলাকায় নালার প্রতিবন্ধকতা অপসারণ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা এর নেতৃত্বে আজ মঙ্গলবার নগরীন ডবলমুরিৎ থানার সরাইপাড়া ওয়ার্ড এলাকায় উচ্চেদ অভিযান পরিচালিত হয়। বার্ণপাড়ায় নালার প্রতিবন্ধকতা সৃষ্টি দরূণ এলাকার পানি নিষ্কাশনে বাধাগ্রস্ত হওয়ায় উক্ত প্রতিবন্ধকতা অপসারণ করে এলাকার পানি নিষ্কাশন ব্যবস্থা সচল করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারী, ডবলমুরিৎ থানা পুলিশ ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮